# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College affiliated to University of Calcutta)

**M.A./M.Sc. FOURTH SEMESTER TAKE-HOME TEST/ ASSIGNMENT, JULY 2020**

**SECOND YEAR [BATCH 2018-20]**

Starting Date & Time : 08-07-2020 at 11 am **BENGALI**

Closing Date & Time : 09-07-2020 at 11 am **Paper : X & XI [Kathasahitya]** Full Marks : 40+40

## PAPER : X

যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও। [৪×১০]

১। ‘কথা’, ‘আখ্যান’, ‘Narratology’ ইত্যাদি পরিভাষা নিয়ে বিভিন্ন রকম যে আলোচনা আছে, সে বিষয়ে একটি প্রবন্ধ রচনা করো।

২। ‘Narratology’-র আলোচনা পরিধি নিয়ে তোমার মতামত লেখো।

৩। রাজলক্ষীর চোখের বালি হলো আশালতা, আবার পরিবর্তিত পরিস্থিতি অনুসারে বিনোদিনী হলো রাজলক্ষীর চোখের বালি। আবার বিনোদিনীর চোখে আশালতা হলো চোখের বালি। অনুরূপে দেখা যায়, সময় বিশেষে মহেন্দ্রের চোখে কখনও মা, কখনও খুড়ি মা, কখনও বিহারী, কখনও বিনোদিনী কিংবা আশালতা হয়ে ওঠে চোখের বালি। ফলে ‘চোখের বালি’ উপন্যাসের নামকরণ শেষপর্যন্ত বহু মাত্রিক ব্যঞ্জনা পায়। এ বিষয়ে তোমার অভিমত আলোচনা করো।

৪। ‘বিষবৃক্ষ’, ‘গৃহদাহ’ ও ‘চোখের বালি’ — তিনটি উপন্যাসেরই কেন্দ্রীয় বিষয় নারী-পুরুষের চাওয়া-পাওয়া, আশা-প্রত্যাশা, আকাঙ্খা-প্রবৃত্তির দ্বন্দ্ব-সংঘাত। এই তিনটি উপন্যাস কোথাও যেন একটি কৌণিক মাপকাটিতে একই বিন্দু ছুঁয়ে যায়।—আলোচনা করো।

৫। বিধবার সমাজ নির্যাতিত রূপ ও হীনমন্যতা বিনোদিনীর মধ্যে অনুপস্থিত। বরং রূপে-গুণে, যৌবনের উদ্দীপ্ত বহ্নিশিখার দাহতে, প্রখর ব্যক্তিত্বে ও পরিস্থিতিকে নিয়ন্ত্রণ করার অভূতপূর্ব ক্ষমতার প্রকাশে বিনোদিনী হয়ে ওঠে ‘চোখের বালি’ উপন্যাসের সবথেকে বিতর্কিত চরিত্র। -তোমার অভিমত ব্যক্ত করো।

৬। ‘আগুনপাখি’ উপন্যাসটিকে স্বৈরতন্ত্রের বিরোধিতার আখ্যান রূপে গ্রহণ করা যায় কি? তোমার যুক্তি দাও।

৭। স্বাধীনতা- পূর্ব বাংলার গ্রামজীবনের ছবি ‘আগুনপাখি’ উপন্যাসে কীভাবে বিন্যস্ত রয়েছে আলোচনা করো।

৮। ‘আগুনপাখি’ উপন্যাসের গঠনশৈলীর বিশিষ্টতার লক্ষণগুলি কী কী? আলোচনা করো।

৯। ‘গোয়েন্দা’ উপন্যাসের কাহিনি হিসেবে ‘মগ্ন মৈনাক’-এর অভিনবত্ব বিশ্লেষণ করো।

১০। ‘মগ্ন মৈনাক’ উপন্যাসের মূল হত্যাকারী বাদে অন্যান্য চরিত্রের দ্বারাও হত্যার সম্ভাবনাকে কীভাবে নির্মাণ করেন শরদিন্দু বন্দ্যোপাধ্যায়, তার পরিচয় দাও।

## PAPER : XI

যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও। [৪×১০]

১১। বিশ শতকের বাংলা ছোটোগল্পের ধারায় ছয়ের দশকের সাহিত্য আন্দোলনগুলির গুরুত্ব আলোচনা করো।

১২। প্রথাবিরোধী হাংরি গল্পকার বাসুদেব দাশগুপ্ত অথবা শাস্ত্রবিরোধী গল্পকার রমানাথ রায়ের অন্তত দুটি করে গল্প বিশ্লেষণ করে দেখাও প্রচলিত বাংলা ছোটোগল্পের থেকে বিষয়ে-বিন্যাসে আন্দোলনজাত গল্পগুলি কতখানি অভিনব?

১৩। আমাদের সমাজে নারীর অবস্থান আর তার অবমাননার স্বরূপটি রবীন্দ্রনাথ বারেবারেই প্রকাশ করতে চেয়েছেন। ‘খাতা’ তারই একটি নিদর্শন।— আলোচনা করো।

১৪। প্রচলিত শিক্ষাদান-পদ্ধতির বাইরের আয়োজন আর ভেতরের ফাঁকি, রবীন্দ্রনাথকে ব্যথিত করেছিলো। ‘তোতাকাহিনী’তে তারই প্রকাশ। — ব্যাখ্যা করো।

১৫। ভারতবর্ষের ধর্মীয় চেতনার যে ছবি অভিজিৎ সেনের ‘কলাপাতা’য় ফুটে ওঠে তার স্বরূপ বিশ্লেষণ করো।

১৬। মহাশ্বেতা দেবীর ‘স্তনদায়িনী’ গল্প অবলম্বনে যশোদা চরিত্রের মনস্তত্ত্ব বিশ্লেষণ করো।

১৭। ভারতবর্ষের নিম্নবর্গীয় মানুষের অসহনীয় দারিদ্র্য আর অসম্মানের নির্মম প্রকাশ — ‘সদ্‌গতি’। ব্যাখ্যা করো।

১৮। সাম্প্রদায়িক হিংসা এবং আগ্রাসন নিরীহ শিশুকে ব্যবহার করে খেলার পুতুলের মতো। ‘পালি’ তারই মর্মস্পর্শী উচ্চারণ। — আলোচনা করো।

১৯। কল্পবিজ্ঞানের বৈশিষ্ট্য ‘ময়ূরকণ্ঠী জেলি’ গল্পে কীভাবে প্রকাশিত হয়েছে? গল্পটি শেষ পর্যন্ত কোন্ বার্তা দিতে চেয়েছে?

২০। ‘দেহান্তর’ গল্পে অলৌকিক-মনস্তাত্ত্বিক দু-ধরনের বৈশিষ্ট্য একই সঙ্গে প্রকাশিত ।— আলোচনা করো।

——————— × ———————